



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/22/2020

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

## জাতীয় ভোটার নিবন্ধনের দিন গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো সকল যোগ্য নিউ ইয়র্কবাসীকে ভোট দানে নিবন্ধন করতে উৎসাহিত করেছেন

"নির্বাচনের দিন ৩রা নভেম্বর, কিন্তু আপনার মতামত জানানোর জন্য আপনাকে অবশ্যই ভোট দিতে নিবন্ধন করতে হবে। জাতীয় ভোটার নিবন্ধন দিবসে, আমি সকল যোগ্য নিউ ইয়র্কবাসীদের উৎসাহিত করছি যে আপনি নিবন্ধিত আছেন কি না তা নিশ্চিত করুন অথবা আপনি যদি এখনো নিবন্ধিত না হয়ে থাকেন, তাহলে আজই নিবন্ধন করুন। আসন্ন নির্বাচনে ভোট দেওয়ার নিবন্ধনের শেষ তারিখ 9 অক্টোবর।

আপনার যদি রাষ্ট্রীয় ইস্যুকৃত পরিচয়পত্র থাকে তাহলে আপনি ডিপার্টমেন্ট অফ মোটর ভেহিকলসের (Department of Motor Vehicles, DMV) এর মাধ্যমে অনলাইনে ভোটারের জন্য নিবন্ধন করতে পারবেন, অথবা যদি তা না হয়, তাহলে আপনি মেইল বা নির্বাচন বোর্ডে নিবন্ধন করতে পারবেন। আমাদের তরুণ নিউ ইয়র্কবাসীদের উদ্দেশ্যে বলছি, ভুলে যাবেন না- আপনার বয়স যদি এখন 17 হয়, কিন্তু 3রা নভেম্বরের মধ্যে বা 3রা নভেম্বরে যদি আপনার বয়স 18 হয়, তাহলে আপনি ভোট দিতে নিবন্ধন করতে পারেন। এবং সকল নিউ ইয়র্কবাসীদের উদ্দেশ্যে বলছি, একবার আপনি নিবন্ধন করলে, মনে রাখবেন- এই বছর ভোট দেবার তিনটি উপায় আছে: অনুপস্থিত ভোট, অগ্রিম ভোট এবং নির্বাচনের দিন সশরীরে ভোট।

"এই রাষ্ট্রের ভবিষ্যৎ গঠনের সবচেয়ে গুরুত্বপূর্ণ উপায় হচ্ছে আপনার ভোটাধিকার প্রয়োগ করা। এখন এটা আগের চেয়েও অত্যন্ত গুরুত্বপূর্ণ যে আমরা সবাই গণতান্ত্রিক প্রক্রিয়ায় অংশগ্রহণের জন্য আমাদের ভূমিকা পালন করি।

### কীভাবে এবং কোথায় ভোট দানের জন্য নিবন্ধন করতে হবে:

- আপনি আপনার [কাউন্টি বোর্ড অফ ইলেকশন](#) বা নিউ ইয়র্ক স্টেট [এজেন্সি ভিত্তিক ভোটার রেজিস্ট্রেশন সেন্টারে](#) সশরীরে উপস্থিত হয়ে নিবন্ধন করতে পারেন।
- আপনার যদি ইতোমধ্যেই DMV এর-ইস্যুকৃত পরিচয় থাকে তাহলে আপনি সশরীরে অথবা তাদের ওয়েব সাইটে আপনার ভোটার আবেদনপত্র জমা দিতে পারেন।

- আপনি আমাদের মেইলিং লিস্ট ডাটাবেসে সরাসরি আপনার নাম প্রবেশ করিয়ে মেইলের মাধ্যমে একটি নিউ ইয়র্ক স্টেট ভোটার রেজিস্ট্রেশন ফর্মের জন্য অনুরোধ করতে পারেন।
- আপনি আমাদের হটলাইনে 1-800-FOR-VOTE নম্বরে ফোন করে ভোটার আবেদনের জন্য অনুরোধ করতে পারেন।

### ভোট দানের জন্য নিবন্ধন করতে, একজন নিউ ইয়র্কবাসীর প্রয়োজন:

- মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক হওয়া
- 18 বছর বয়সী হওয়া (আপনি 16 বা 17 বছর বয়সে প্রাক-নিবন্ধন করতে পারেন কিন্তু 18 বছর বয়স না হওয়া পর্যন্ত ভোট দিতে পারবেন না)
- নির্বাচনের অন্তত 30 দিন আগে থেকে এই রাজ্য এবং কাউন্টি, শহর বা গ্রামের বাসিন্দা হতে হবে
- দোষী সাব্যস্ত হওয়ার জন্য কারণারে বা প্যারোলে নেই (যদি না প্যারোল প্রদানকারী ক্ষমা বা নাগরিকত্বের অধিকার পুনরুদ্ধার করে থাকে)
- আদালত দ্বারা মানসিকভাবে অযোগ্য বিচার বিবেচিত নন
- অন্য কোথাও ভোট দেওয়ার অধিকার দাবি করেন না

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | [518.474.8418](tel:518.474.8418)

আনসাবস্কাইব করুন